বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়।
৮৩-৮৫,মতিঝিল বানিজ্যিক এলাকা,ঢাকা-১০০০
ঋণ আদায় বিভাগ।

ফোনঃ ০২২২৩৩৮৩১৬৫
Email:
dgmrecovery@krishibank.org.bd


প্রকা/সুদ মওকুফ/১০ হাজার /২০২৫-২০২৬/৭৯৯ তারিখ ঃ ০৯-০৬-২০২৬ খ্রিঃ

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়
উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।

ই-মেইলযোগে প্রেরিত

**বিষয়ঃ সরকারি সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে অনুর্ধ্ব ১০(দশ) হাজার টাকা কৃষি ঋণের আসল ও সুদ মওকুফ সংক্রান্ত সরকারি সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন পর্যায়ে মনিটরিং কমিটি গঠন প্রসঙ্গে।**

**সূত্রঃ আর্থিক প্রতিষ্ঠান বিভাগের স্মারক নং. ৫৩.০০.০০০০.০০০.২১২.২০.০০১০.২৬.৭৬ তারিখঃ ০৭ জুন ২০২৬।**

প্রিয় মহোদয়

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। গত ২৬ ফেব্রুয়ারি, ২০২৬ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে অনুর্ধ্ব ১০(দশ) হাজার টাকা কৃষি ঋণের আসল ও সুদ সরকার কর্তৃক বাংলাদেশ কৃষি ব্যাংকের অনুকূলে ছাড়কৃত অর্থ চলতি ২০২৫-২০২৬ অর্থবছরের (জুন,২০২৬) মধ্যেই ব্যয় করতে হবে। এ অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান ও অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে। পরবর্তীতে বাংলাদেশ ব্যাংক এবং মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (সিএন্ডএজি) কর্তৃক পোস্ট-নিরীক্ষা (Post Audit) সম্পন্ন করা হবে এবং উক্ত নিরীক্ষার মাধ্যমে যদি কোন পর্যায়ে প্রতীয়মান হয় যে, কোনো শাখা কর্তৃক প্রকৃত দায়ের অতিরিক্ত অর্থ গ্রহণ করেছে, তবে সংশ্লিষ্ট শাখা-কে অনতিবিলম্বে অতিরিক্ত গৃহীত অর্থ ফেরত প্রদান করতে হবে। এমতাবস্থায়, নির্ধারিত সময়ের মধ্যে এ কাজটি সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে প্রধান কার্যালয়, বিভাগীয় কার্যালয় এবং আঞ্চলিক কার্যালয়ে নিম্নরূপ তিনটি মনিটরিং কমিটি গঠন করা হলো।

**ক) প্রধান কার্যালয়ের মনিটরিং কমিটিঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | উপব্যবস্থাপনা পরিচালক -০১ |
| সদস্য | : | উপব্যবস্থাপনা পরিচালক-০২ |
| সদস্য | : | প্রধান কার্যালয়ের সকল মহাব্যবস্থাপকবৃন্দ |
| সদস্য | : | উপমহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগ |
| সদস্য | : | উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্ বিভাগ |
| সদস্য | : | উপমহাব্যবস্থাপক, কৃষি ও পল্লী ঋণ বিভাগ |
| সদস্য | : | উপমহাব্যবস্থাপক, আইন বিভাগ |
| সদস্য সচিব | : | উপমহাব্যবস্থাপক, ঋণ আদায় বিভাগ |

**(খ) প্রধান কার্যালয়ের মনিটরিং কমিটির কর্মপরিধি (Terms of Reference-ToR)**

- মন্ত্রণালয় ও বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত/নির্দেশনা সঠিকভাবে বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পরিকল্পনা প্রনয়ণ ও মাঠ কার্যালয়কে এতদসংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা;
- মামলা প্রত্যাহারের বিষয়টি মনিটরিং করা এবং কৃষক যাতে কোনরকম হয়রানির শিকার না হয় তা নিশ্চিতে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা;
- বিভাগীয় ও আঞ্চলিক পর্যায়ে গঠিত মনিটরিং কমিটির কার্যাবলী মনিটরিং করা।

চলমান পাতা-০২

**গ) বিভাগীয় পর্যায়ে গঠিত মনিটরিং কমিটিঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয় |
| সদস্য | : | বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয় |
| সদস্য | : | উপমহাব্যবস্থাপক (পরিচালন), বিভাগীয় কার্যালয় |
| সদস্য সচিব | : | সহকারী মহাব্যবস্থাপক (পরিচালন), বিভাগীয় কার্যালয় |

**ঘ) বিভাগীয় পর্যায়ে গঠিত মনিটরিং কমিটির কর্মপরিধি (Terms of Reference-ToR)**

- নির্বাচনী ইশতেহার, ২০২৬ বাস্তবায়নের লক্ষ্যে অনুর্ধ্ব ১০(দশ) হাজার টাকা কৃষি ঋণের আসল ও সুদ মওকুফ সংক্রান্ত সকল কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার নিমিত্ত মাঠ কার্যালয়কে নির্দেশনা এবং সহযোগিতা প্রদান করা;
- মামলা প্রত্যাহারের বিষয়টি নিশ্চিত করা এবং নির্ধারিত সময়ে মামলা প্রত্যাহারের তথ্যাদি প্রধান কার্যালয়ে প্রেরণ করা;
- আঞ্চলিক পর্যায়ে গঠিত মনিটরিং কমিটির কার্যাবলী মনিটরিং ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা।

**ঙ) আঞ্চলিক পর্যায়ে গঠিত মনিটরিং কমিটিঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় |
| সদস্য | : | আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয় |
| সদস্য | : | সহকারী মহাব্যবস্থাপক/পরবর্তী জ্যেষ্ঠ কর্মকর্তা, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় |
| সদস্য সচিব | : | উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা/পরবর্তী জ্যেষ্ঠ কর্মকর্তা, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় |

**চ) আঞ্চলিক পর্যায়ে গঠিত মনিটরিং কমিটির কর্মপরিধি (Terms of Reference-ToR)**

- অনুর্ধ্ব ১০(দশ) হাজার টাকা কৃষি ঋণের হিসাবায়ন সঠিকভাবে সম্পন্ন করতে শাখাকে সহায়তা করা;
- অঞ্চলাধীন প্রতিটি শাখায় অনুর্ধ্ব ১০(দশ) হাজার টাকা কৃষি ঋণের হিসাবভিত্তিক তথ্য এবং এতদসংক্রান্ত প্রত্যয়নের হার্ডকপি যথাযথভাবে সংরক্ষণ নিশ্চিত করা;
- সরকার কর্তৃক অর্থ প্রদানের সাথে সাথে কৃষি ঋণ মওকুফকৃত কৃষকদের মামলা প্রত্যাহার করা এবং এতদসংক্রান্ত তথ্য যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ নিশ্চিত করা; এবং
- বাংলাদেশ ব্যাংক এবং মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (সিএন্ডএজি) কর্তৃক কৃষি ঋণ মওকুফ সংক্রান্ত সকল তথ্যের উপর পোস্ট নিরীক্ষা (Post Audit) হবে বিধায় সকল তথ্য শাখায় যথাযথভাবে সংরক্ষণ করার বিষয়টি মনিটরিং করা।

০৩। এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ ও পরিপালনপূর্বক নির্বাচনী ইশতেহার, ২০২৬ অনুযায়ী অনুর্ধ্ব ১০(দশ) হাজার টাকা কৃষি ঋণের আসল ও সুদ মওকুফ সংক্রান্ত সরকারি সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা করা হলো।

আপনার বিশ্বস্ত

সংযুক্তিঃ বর্ণনামতে।

(সঞ্চিয়া বিনতে আলী)
ব্যবস্থাপনা পরিচালক

প্রকা/সুদ মওকুফ/১০ হাজার /২০২৫-২০২৬/

তারিখ ঃ ০৯-০৬-২০২৬ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০৪। সচিব, পর্ষদ সচিবালয়/ সকল উপমহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান, বিকেবি, প্রকা, ঢাকা। অত্র পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপমহাব্যবস্থাপক, তথ্য প্রযুক্তি (সিস্টেমস) বিভাগকে অনুরোধ করা হলো।
০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বিকেবি।
০৬। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বিকেবি।
০৭। নথি/মহানথি।

09/06/2026

(মুহাম্মদ রাশিদুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক